# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 28-08-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্ট, স্কুল সার্ভিস কমিশনকে আগামী ৭ দিনের মধ্যে চিহ্নিত অযোগ্যদের তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে।
বিরোধীরা সুপ্রিম কোর্টের এই নির্দেশকে স্বাগত জানিয়েছে।

২) টানাপড়েনের আবহে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা আজ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। ৯৬ শতাংশ পড়ুয়া পরীক্ষা দিয়েছেন বলে বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে জানিয়েছেন।

৩) ভোটার তালিকায় যাতে ভুয়ো ভোটাদাতার নাম যুক্ত না হয়, সেজন্য সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে নির্বাচন কমিশন  জেলা নির্বাচনী আধিকারিক ও জেলাশাসকদের চিঠি দিয়েছে।

৪) প্রধানমন্ত্রী জনধন যোজনা প্রকল্প ১১ বছরে পদার্পন করলো।

৫) আলিপুর আবহাওয়া দফতরে রিজিয়নাল সিভিয়র লোকাল স্টর্ম ল্যাবরেটরির উদ্বোধন করলেন আই এম ডি-র মহা নির্দেশক মৃত্যুঞ্জয় মহাপাত্র।

৬) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে মহামেডান স্পোর্টিং ১-০ গোলে এরিয়ান ক্লাবকে পরাজিত করেছে।

oooooooooooooooooooooooo

সুপ্রিমকোর্ট, স্কুল সার্ভিস কমিশনকে আগামী সাত দিনের মধ্যে চিহ্নিত "অযোগ্য" দের তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে । দুই বিচারপতি সঞ্জয় কুমার ও সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ আজ স্পষ্ট জানিয়েছেন, কোন অযোগ্য চাকরিপ্রার্থী যাতে আগামী ৭ই সেপ্টেম্বর এর পরীক্ষায় বসার সুযোগ না পান তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি পরীক্ষার দিনক্ষণ পালটানো হবেনা বলেও জানিয়েছে শীর্ষ আদালত। রাজ্য কেন এখনো অযোগ্যদের তালিকা প্রকাশ করেনি, বিচারপতিরা সেই প্রশ্নও করেছেন আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে।

উল্লেখ্য বেশ কিছু চাকরিপ্রার্থী শীর্ষ আদালতে আবেদন জানিয়েছিলেন যাতে পরীক্ষার দিনক্ষণ পরিবর্তন করা হয়।কারণ আদালতের নির্দেশে ২০১৬ সালের বেশকিছু যোগ্য প্রার্থী নতুন করে আবেদন করার সুযোগ পেয়েছে। পরীক্ষার তারিখ পরিবর্তন করা হলে সুষ্ঠু ভাবে প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।কিন্তু শীর্ষ আদালত স্পষ্ট জানিয়েছে, পরীক্ষা যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় তার উপর নজর রাখা হচ্ছে।

এদিকে সুপ্রিমকোর্ট সাত দিনের মধ্যে অযোগ্যদের তালিকা প্রকাশের যে নির্দেশ দিয়েছে , আইনজীবী ফিরদৌস শামিম তাকে স্বাগত জানিয়ে বলেছেন রাজ্য সরকার, অযোগ্যদের কাছ থেকে টাকা নিলেও , তা ফেরত দেয়নি।

(বাইট –ফিরদৌস)

বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য বলেছেন, চাকরি কিনেছে যারা, তাদের চিনহিত করতে হবে।

(বাইট – শমিক)

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, রাজ্য সরকার যুবকদের ভবিষ্যত নিয়ে ছিনিমিনি খেলছে। অযোগ্যদের তালিকা প্রকাশের পাশাপাশি , যোগ্যদের চাকরি দেওয়াও জরুরী।

(বাইট – অধীর)

অন্যদিকে যোগ্য প্রার্থী সুমন বিশ্বাস পরীক্ষা তিন মাস পিছিয়ে দেয়ারও দাবী জানান। তিনি বলেছেন, এর বিরুদ্ধে তারা পয়লা সেপ্টেম্বর আন্দলনে নামবেন।

ooooooooooooooooooooooo

SSC নিয়োগ দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়- ইডি, আজ তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহার পিসি তৃণমূল কংগ্রেস কাউন্সিলার মায়া সাহাকে জিজ্ঞাসাবাদ করছে। সাত ঘন্টা পেরিয়েও এখনো জেরা চলছে বলে ই ডি সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত সোমবার ইডি আধিকারিকরা, জীবনকৃষ্ণের বড়েঞা-র বাড়িতে তল্লাশি চালিয়ে তাকে গ্রেফতার করে। তল্লাশি চলে সাঁইথিয়া পুরসভার ৯-নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মায়া সাহার বাড়িতেও বেশ কিছু নথিপত্র এবং পেন ড্রাইভ বাজেয়াপ্ত করা হয়।

ooooooooooooooooooooo

টানাপড়েনের আবহে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা আজ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। ৯৬ শতাংশ পড়ুয়া আজ পরীক্ষা দিয়েছেন বলে বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে জানিয়েছেন। ১৪-টি বিষয়ের পরীক্ষা ছিল আজ।

উল্লেখ্য, দলের ছাত্র সংসদের প্রতিষ্ঠা দিবসের সমাবেশের জন্য আজকের পরীক্ষা পিছনোর আবেদন জানিয়েছিল তৃণমূল কংগ্রেস। সরকারের তরফেও পরীক্ষার্থীদের

অসুবিধার কারণে দিন বদলের প্রস্তাব দেওয়া হয়। কিন্তু সিন্ডিকেটের বৈঠকে পূর্ব নির্ধারিত সূচি মেনেই পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।

উপাচার্য একে স্বাধীন চিন্তার জয় বলে আখ্যা দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ছাত্র আন্দোলন করার সময়ই তৎকালীন শাসক দল সিপিআইএম এর আশ্রিত দুষ্কৃতীরা তাঁর প্রাণ নাশের চেষ্টা করেছিল বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। ধর্মতলায় আজ দলের ছাত্র সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক সমাবেশে তিনি বলেন, অনেক নির্যাতন স্বত্বেও মাথানত করেননি তিনি।

সমাবেশে বাম, বিজেপির মত বিরোধী দলগুলির সমালোচনা করেন। তবে, ছাত্র সমাবেশ থেকে মুখ্যমন্ত্রী রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে দীর্ঘ দিন বকেয়া থাকা ছাত্র সংসদ নির্বাচন কবে হবে তা নিয়ে কোনো মন্তব্য করেননি।

এদিকে, বিজেপি তৃণমূল ছাত্র পরিষদের এই সমাবেশকে প্রকারান্তরে নির্বাচনী প্রচার বলে দাবি করেছে। দলের নেতা রাহুল সিনহা আজ কলকাতায় সাংবাদিকদের বলেন,ছাত্র সমাবেশ হলেও, সমাবেশে তাদের নিয়েই কোন উল্লেখ নেই। এই প্রসঙ্গে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক দুর্নীতির অভিযোগ করে শ্রী সিনহা গোটা মন্ত্রিসভাকে বরখাস্তেরও দাবি জানান।

কংগ্রেসের পক্ষ থেকেও আজ কলকাতার মহাজাতি সদনে ছাত্র পরিষদের ৭২ তম প্রতিষ্ঠা দিবস পালিত হয়। সভায় প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেন, রাজ্যের শিক্ষা ব্যবস্থা পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। এরাজ্য থেকে কেন ছাত্র-ছাত্রীরা ভিন রাজ্যে চলে যাচ্ছে, সেই প্রশ্ন তোলেন তিনি।

এদিকে তৃণমূল কংগ্রেসের এই সমাবেশকে কেন্দ্র করে ধর্মতলামুখী একাধিক রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হয়। এরফলে উত্তর-মধ্য ও দক্ষিণ কলকাতা বিস্তীর্ণ

অঞ্চলে তীব্র যান জটের সৃষ্টি হয়। মেট্রোর সবকটি লাইনেই ছিল উপচে পড়া ভিড়। কাজের দিনে সাধারণ মানুষ প্রবল সমস্যার সম্মুখীন হন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দুটি পরীক্ষা আজ বাতিল ঘোষনা করায় তা নিয়ে প্রশ্ন উঠেছে। বাংলা ও কমিউনিটি এনগেজমেন্টের দুটি পত্রের ভাইবা বা মৌখিক পরীক্ষা ছিল আজ। কিন্ত গতকাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নোটিশ দিয়ে অনিবার্য কারনে পরীক্ষা বাতিলের কথা জানায়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শঙ্কর কুমার নাথ জানিয়েছেন, ছাত্র ছাত্রী রা বেশিরভাগই প্রত্যন্ত এলাকা থেকে আসেন। আজ যানবাহন চলাচল অনিয়মিত থাকায় , ছাত্র ছাত্রীরা পরিবহনের সমস্যার কথা জানিয়ে আজ পরীক্ষা না নেওয়ার অনুরোধ জানিয়েছিল।তাদের অনুরোধেই পরীক্ষা বাতিল করা হয়। বিশ্ববিদ্যালয়ের বাতিল হওয়া এই বিভাগীয় পরীক্ষা দু একদিনের মধ্যেই আবার নেওয়া হবে বলে উপাচার্য জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০

রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের কোটি কোটি টাকা দূর্নীতির দাবিতে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এবিভিপি সদস্যরা আজ সেখানে বিক্ষোভ দেখায়। সংগঠনের রাজ্য সম্পাদক দীপ দত্তের অভিযোগ, এক বছর আগে ক্যাগের রিপোর্টে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বিরুদ্ধে কোটি কোটি সরকারী টাকা নয়ছয়ের অভিযোগ ওঠে। কিন্তু এখনও পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কারোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি। এক সপ্তাহের মধ্যে উপযুক্ত ব্যবস্থা না নেওয়া হলে তারা অভিযুক্তদের বাড়ি ঘেরাও করে বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলেও দীপ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার দার্জিলিং পাহাড়ে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ গড়ে তোলার জন্যে ৪০ কোটি টাকা বরাদ্দ করেছে। বিদ্যুৎ উৎপাদক সংস্থা ন্যাশনাল হাইড্রো ডেভলপমেন্ট কর্পোরেশন এই কলেজটি তৈরি করবে বলে স্থানীয় সাংসদ রাজু বিস্তা জানিয়েছেন। উল্লেখ্য কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নেওয়ার পরে ২০১২ সালে জিটিএ র তৎকালীন চিফ এক্সিকিউটিভ বিমল গুরুং, পাহাড়ে প্রস্তাবিত এই কলেজটির শিলান্যাস করেছিলেন। তাকদা ভ্যালিতে এই কলেজ তৈরি হবে।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের (এনইউজেএস) রজতজয়ন্তী বর্ষের আজ সূচনা হল কলকাতা টাউন হলে। এই উপলক্ষ্যে ডাক বিভাগের সহযোগিতায় বিশেষ কভার এবং ডাক টিকিট প্রকাশ করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম। অন্যদের মধ্যে ছিলেন আইনমন্ত্রী মলয় ঘটক, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: নির্মলকান্তি চক্রবর্তী, ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের চিফ পোস্ট মাস্টার অশোক কুমার প্রমুখ। ।

উপাচার্য ড: নির্মলকান্তি চক্রবর্তী জানান, ২০০০ সালে এই বিশ্ববিদ্যালয়ের পঠন পাঠন শুরু হয়। প্রখ্যাত আইনবিদ অধ্যাপক এন আর মাধব মেননের উদ্যোগে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই দেশের অন্যতম শীর্ষ জাতীয় আইন বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃতি পেয়েছে। ন্যাক কর্তৃক এ প্লাস স্বীকৃত এই বিশ্ববিদ্যালয়টি ২০২৫ সালের এনআইআরএফ তালিকায় দেশের আইন শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে চতুর্থ স্থানে রয়েছে। অনুষ্ঠানে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম বলেন, আইন শিক্ষার প্রতিষ্ঠান হিসেবে এই বিশ্ববিদ্যালয় গত বেশ কয়েকবছর ধরেই গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

ooooooooooooooooooo

স্পটলাইট-এ এবারের আলোচনার বিষয় - **‘ভারতের মহাকাশ গবেষণা ও ভবিষ্যৎ কর্মসূচি’**। ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্স-এর ডিরেক্টর প্রফেসর সন্দীপ চক্রবর্তীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

**আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।**

আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়ার প্ল্যাটফর্মে ।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার **৩১**-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের **১২৫**-তম পর্ব।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর **১৮০০-১১-৭৮০০** নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

oooooooooooooooooooo

ভোটার তালিকায় যাতে ভুয়ো ভোটদাতার নাম যুক্ত না হয় সেজন্য সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে নির্বাচন কমিশন, জেলা নির্বাচনী আধিকারিক ও জেলাশাসকদের চিঠি দিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল - এর লেখা ঐ চিঠিতে সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের দায়িত্বে থাকা ইআরও এবং এইআরও-দের কোনভাবেই তাদের দায়িত্ব অন্য কোন ব্যক্তিকে না দেবার নির্দেশ দেওয়া হয়েছে।

পাশাপাশি তাদের নির্দিষ্ট লগ ইন আইডি এবং ওটিপি, **ডাটা এন্ট্রি অপারেটরকে** দেওয়ার বিষয়েও সতর্ক করে দেওয়া হয়েছে। তথ্য প্রযুক্তি সংক্রান্ত কাজ শুধুমাত্র সিস্টেম ম্যানেজার এবং সহকারী সিস্টেম ম্যানেজারকেই করতে হবে বলেও চিঠি তে উল্লেখ করা হয়েছে। এছাড়া বুথ লেভেল আধিকারিকরা তথ্য যাচাই করার আগে কোন ইআরও বা এইআরও যাতে রিপোর্ট জমা না দেন, চিঠিতে তাও স্পষ্ট করে দেওয়া হয়েছে।

উল্লেখ্য ভোটার তালিকায় ভুয়ো নাম যুক্ত করার অভিযোগে নির্বাচন কমিশন সম্প্রতি দু জন ডব্লু বি সি এস আধিকারিক সহ মোট ৫ জনকে সাসপেন্ড করার পরে এফ আই আর দায়েরের নির্দেশ দিয়েছিল। তার প্রেক্ষিতে রাজ্য সরকার এদের বিরুদ্ধে ব্যাবস্থা নেয়।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী জন ধন যোজনা – PMJDY প্রকল্প আজ এগারো বছর পূর্ণ করলো, যা এক উল্লেখযোগ্য মাইলফলক। পি এম জন ধন যোজনার নানা সাফল্যের দিক তুলে ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায়, দেশব্যাপী এই প্রকল্প কীভাবে আর্থিক বঞ্চনা থেকে ক্ষমতায়নে রূপান্তরিত করেছে তা তুলে ধরেন। তিনি বলেছেন, সমাজের প্রান্তিকতম মানুষটিকে এর মাধ্যমে অর্থনৈতিকভাবে সংযুক্ত করা গেলে দেশ আরও এগিয়ে যাবে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০

ভারতের আবহাওয়া দফতর আইএমডি বঙ্গোপসাগর এবং আরবসাগরের উপকূলবর্তী এলাকায় মৎস্যজীবীদের জন্য ৫ দিনের আবহাওয়ার পূর্বাভাষ দিয়ে থাকে। দপ্তরের মহা নির্দেশক মৃত্যুঞ্জয় মহাপাত্র এই প্রসঙ্গে আকাশবাণীর খবরের কথা বিশেষ

ভাবে উল্লেখ করেছেন। তিনি আজ আলিপুর আবহাওয়া দপ্তরের রিজিয়নাল সিভিয়র লোকাল স্টর্ম ল্যাবরেটরির উদ্বোধন করে ভাষণ দিচ্ছিলেন।

আই এম ডি-র মহা নির্দেশ জানান, আবহাওয়া পূর্বাভাষ আরও নিখুঁতভাবে পৌঁছে দিতে খুব শীঘ্রই ডায়মন্ডহারবারে একটি এক্সপ্যান্ডেড রাডার বসাতে চলেছে দফতর। মিশন মৌসম কর্মসূচির অঙ্গ হিসেবে সারা রাজ্যে ডপলার ওয়েদার র‍্যাডার নেটওয়ার্ক প্রসারিত করতে উত্তরবঙ্গের মালদা অথবা জলপাইগুড়িতেও এই ধরনের রাডার বসানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে মহামেডান স্পোর্টিং আজ ১-০ গোলে এরিয়ান ক্লাবকে হারিয়ে দিয়েছে। বারাকপুর স্টেডিয়ামে এই ম্যাচে বিরতিতে খেলা গোলশূন্য ছিল। ৬৪ মিনিটে সজল বাগ জয়সূচক গোলটি করেন।

কল্যাণী স্টেডিয়ামে পুলিশ আথলেটিকস ক্লাব ৫-০ গোলে পাঠচক্রকে পরাজিত করেছে। নৈহাটি স্টেডিয়ামে বিএসএস স্পোর্টিং ক্লাব ১-০ গোলে কালীঘাট স্পোর্টস লাভারস এসোসিয়েশনের বিরূদ্ধে জয়ী হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০